শুক্‌নো পাতা কে যে ছড়ায় ওই দূরে    উদাস-করা কোন্ সুরে ॥
ঘরছাড়া ওই কে বৈরাগী    জানি না যে কাহার লাগি
ক্ষণে ক্ষণে শূন্য বনে যায় ঘুরে ॥
চিনি চিনি হেন ওরে হয় মনে,
ফিরে ফিরে যেন দেখা ওর সনে ।
ছদ্মবেশে কেন খেলো,    জীর্ণ এ বাস ফেলো ফেলো—
প্রকাশ করো চিরনূতন বন্ধুরে ॥

---

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Multaan
Visit www.geetabitan.com for notation and other detail